## মডেল টেস্ট: ০১

**১. বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রথম শহীদ আবু সাঈদকে নিয়ে অঙ্কিত শিল্পকর্ম 'উন্নত মম শির'-এর শিল্পী কে?**
ক. বীরেন সোম খ. কৌশিক সরকার
গ. শহীদ কবির ঘ. চুনিলাল দেওয়ান

**২. সাংবিধানিকভাবে গঠিত প্রথম তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা কে?**
ক. শাহাবুদ্দিন আহমেদ খ. লতিফুর রহমান
গ. হাবিবুর রহমান ঘ. ফখরুদ্দিন আহমেদ

**৩. 'বাব এল মান্দেব' প্রণালীকে নিয়ন্ত্রণে রেখেছে কারা?**
ক. হুথি খ. আল শাবাব
গ. হামাস ঘ. হিজবুল্লাহ্

**৪. বাংলাদেশ কখন কমনওয়েলথ (সর্বপ্রথম আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ লাভ) এর সদস্য লাভ করে?**
ক. ১৮ এপ্রিল, ১৯৭৪ খ. ১৮ এপ্রিল, ১৯৭২
গ. ১৭ মে, ১৯৭৩ ঘ. ১৭ মে, ১৯৭২

**৫. বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম ইউরোপীয়/সমাজতান্ত্রিক দেশ কোনটি?**
ক. যুক্তরাজ্য খ. স্পেন
গ. পূর্ব জার্মানি ঘ. গ্রীস

**৬. ইলিয়াস শাহের রাজধানী কোথায় ছিল?**
ক. লখনৌতি খ. গৌড়
গ. পান্ডুয়া ঘ. তান্ডা

**৭. কোনটি বিশ্বব্যাংকের অঙ্গ প্রতিষ্ঠান নয়?**
ক. IBRD খ. IMF
গ. IDA ঘ. IFC

**৮. কোনটি Bretton woods Institutions এর অন্তর্ভুক্ত?**
ক. IDB খ. IMF
গ. WTO ঘ. ADB

**৯. ব্রিটিশ বিরোধী স্বাধীনতা যুদ্ধের নেতা-**
ক. সূর্যসেন খ. বল্লাল সেন
গ. বনলতা সেন ঘ. অমর্ত্য সেন

**১০. 'এদেশের মাটি চাই, মানুষ নয়'- এ উক্তি কার?**
ক. ইস্কান্দার মীর্জা খ. টিক্কা খান
গ. জুলফিকার আলী ভুট্টো ঘ. ইয়াহিয়া খান

**১১. ইতিহাস বিখ্যাত ট্রয় নগরী কোথায়?**
ক. গ্রীসে খ. ইতালিতে
গ. তুরস্কে ঘ. স্পেন

**১২. বাংলাদেশের প্রথম সংসদীয় গণতন্ত্র কোন সালে প্রবর্তন করা হয়?**
ক. ১৯৭২ সালে খ. ১৯৭১ সালে
গ. ১৯৯১ সালে ঘ. ১৯৭৫ সালে

**১৩. কুসুম্বা মসজিদ কোথায় অবস্থিত?**
ক. কুমিল্লা খ. ঢাকা
গ. টাঙ্গাইল ঘ. নওগাঁ

**১৪. 'পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি' কত সালে স্বাক্ষরিত হয়?**
ক. ২ ডিসেম্বর, ১৯৯৩ খ. ২ ডিসেম্বর, ১৯৯৭
গ. ২ ডিসেম্বর, ১৯৯৯ ঘ. ২ ডিসেম্বর, ২০০১

**১৫. হিমছড়ি ঝরনা কোন শহরের নিকট অবস্থিত?**
ক. কক্সবাজার খ. খাগড়াছড়ি
গ. রাঙামাটি ঘ. কাপ্তাই

**১৬. কোন অনুচ্ছেদে নারী পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে?**
ক. ২৯(২) খ. ২৮(২)
গ. ৩৯(১) ঘ. ৩৯(২)

**১৭. ভারত উপমহাদেশের ডাক ব্যবস্থার প্রবর্তক কে?**
ক. শের শাহ খ. আকবর
গ. ক্লাইভ ঘ. হুমায়ুন

**১৮. সুমাত্রা দ্বীপ কোন দেশের অংশ?**
ক. ফিলিপাইন খ. থাইল্যান্ড
গ. ইন্দোনেশিয়া ঘ. ব্রিটেন

**১৯. বাস্তিল দুর্গের পতন ঘটেছিল কবে?**
ক. ১৪ জুলাই, ১৮৮৯ খ. ১৪ জুলাই, ১৭৮৯
গ. ১৪ জুলাই, ১৭৯৯ ঘ. কোনটিই নয়

**২০. 'Justice delayed is Justice denied' বলেছেন-**
ক. ডব্লিউ ডি গ্লাডস্টোন খ. আব্রাহাম লিংকন
গ. এরিস্টটল ঘ. উইলহেলস উন্ড

**২১. 'দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে'- এ পোস্টারের রূপকার কে?**
ক. এসএম সুলতান খ. জয়নুল আবেদীন
গ. কামরুল হাসান ঘ. শাহাবুদ্দিন

**২২. কুমিল্লা বার্ড(BARD)- এর প্রতিষ্ঠাতা কে?**
ক. মোহাম্মদ আইয়ুব খান খ. আব্দুল হামিদ খান ভাসানী
গ. একে ফজলুল হক ঘ. আখতার হামিদ খান

**২৩. "কোর্ট অব রেকর্ড" বলা হয় কোন আদালত কে?**
ক. সুপ্রিম কোর্ট খ. হাইকোর্ট
গ. ম্যাজিস্ট্রেট কোর্ট ঘ. জজ কোর্ট

**২৪. বাংলাদেশের সর্ব দক্ষিণে কোনটি অবস্থিত?**
ক. দক্ষিণ তালপট্টি খ. সেন্টমার্টিন
গ. নিঝুম দ্বীপ ঘ. ভোলা

**২৫. বাংলাদেশ সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য-**
ক. কবিতা খানম খ. বেগম রাজিয়া বানু
গ. মতিয়া চৌধুরী ঘ. নাজমুন আরা সুলতানা

**২৬. "আমিই রাষ্ট্র" উক্তিটি কার?**
ক. মর্গ্যান খ. চতুর্দশ লুই
গ. ষোড়শ লুই ঘ. হিটলার

**২৭. লর্ড কর্নওয়ালিস 'চিরস্থায়ী বন্দোবস্ত'/'সূর্যাস্ত আইন' চালু করেন কোন সালে?**
ক. ১৭৯৩ খ. ১৭৭৬
গ. ১১৭৬ ঘ. ১৭৮৯

**২৮. 'ম্যাডোনা ৪৩' কোন শিল্পীর আকাঁ চিত্রকর্ম?**
ক. জয়নুল আবেদীন খ. শফিউদ্দিন আহমেদ
গ. এস এম সুলতান ঘ. কামরুল হাসান

## মডেল টেস্ট: ০১- উত্তর ও ব্যাখ্যা

১. **গ. শহীদ কবির**। আবু সাঈদ রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী; তিনি ১৬ জুলাই, ২০২৪ সালে পুলিশের গুলিতে নিহত হন।

২. **গ. হাবিবুর রহমান**। ১৯৯৬ সালের ২৭ মার্চ সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার পদ্ধতি চালু হয়। ২০১১ সালের ৩০ জুন সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করা হয়। কিন্তু ২০২৪ সালের ১৭ ডিসেম্বর পঞ্চদশ সংশোধনীটির আংশিক বাতিল করেছে হাইকোর্টের একটি বেঞ্চ।

৩. **ক. হুথি**। বাব এল মান্দেব লোহিত সাগর ও এডেন উপসাগরকে সংযুক্ত করেছে এবং ইয়েমেন (এশিয়া) ও জিবুতি, ইরিত্রিয়া ও সোমালিয়াকে (আফ্রিকা) পৃথক করেছে। বাব এল মান্দেব(আরবি) অর্থ মৃত্যুর দরজা।

৪. **খ. ১৮ এপ্রিল, ১৯৭২**। বাংলাদেশ কমনওয়েলথ-এর ৩৪ তম সদস্য। সদরদপ্তর- লন্ডন। সদস্য- ৫৬।

৫. **গ. পূর্ব জার্মানি**। প্রথম আরব মুসলিম দেশ- ইরাক(৮ জুলাই, ১৯৭২)। প্রথম অনারব/ আফ্রিকান/ মুসলিম দেশ- সেনেগাল(১ ফেব্রুয়ারি, ১৯৭২)। আমেরিকা- ৪ এপ্রিল, ১৯৭২। সর্বশেষ দেশ- চীন (৩১ আগস্ট, ১৯৭৫)।

৬. **গ. পান্ডুয়া**। ইলিয়াস শাহ বাংলার রাজধানী গৌড় থেকে পান্ডুয়াতে স্থানান্তর করে। উপাধি: 'শাহ-ই-বাঙ্গালা/বাঙ্গালিয়ান'

৭. **খ. IMF**. বিশ্বব্যাংকের অঙ্গ প্রতিষ্ঠান ৫টি। যথা- IBRD, IDA, IFC, MIGA, ICSID. IDA 'International Soft Loan Window' নামে পরিচিত।

৮. **খ. IMF.** ১৯৪৪ সালের ১-২২ জুলাই যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রেটন উডস-এ অনুষ্ঠিত একটি সম্মেলনে প্রতিষ্ঠিত হয়- IMF & IBRD(WB).

৯. **ক. সূর্যসেন**। ১৮ এপ্রিল, ১৯৩০- চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন। ১৯৩৩- গ্রেফতার। ১২ জানুয়ারি, ১৯৩৪- ফাঁসি।

১০. **খ. টিক্কা খান**। ১৮ মার্চ, ১৯৭১: সার্চ লাইটের নীলনকশা তৈরি। ১৯ মার্চ, ১৯৭১: বাঙালি সেনাদের নিরস্ত্রীকরণ এবং নীল নকশা অনুমোদন। ২৪ মার্চ, ১৯৭১: চট্টগ্রাম বন্দরে এমভি সোয়াত থেকে অস্ত্র খালাস শুরু। ২৫ মার্চ, ১৯৭১: গণহত্যা চালাতে পাকিস্তান সেনাদের উদ্দেশ্যে টিক্কা খান বলে, " এদেশের মানুষ চাই না, মাটি চাই। "

১১. **গ. তুরস্কে** । বিখ্যাত ট্রয় নগরী বর্তমান তুরস্কের উত্তর-পশ্চিমাঞ্চলে দার্দানেলস প্রণালীর নিকটে, হিসারলিক নামক স্থানে অবস্থিত ছিল। গ্রিক সেনারা ট্রয় নগরীকে ধ্বংস করে।

১২. **ক. ১৯৭২ সালে** । ১২ জানুয়ারি ১৯৭২: বাংলাদেশে প্রথম সংসদীয় গণতন্ত্র সরকার গঠন। ২৫ জানুয়ারি, ১৯৭৫: বাকশাল কায়েম ও রাষ্ট্রপতি শাসনব্যবস্থা জারি। ৬ আগস্ট ১৯৯১: সংসদীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা।

১৩. **ঘ. নওগাঁ**। ষাট গম্বুজ মসজিদ- বাগেরহাট। ছোট সোনা মসজিদ- শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। তারা মসজিদ- পুরান ঢাকা

১৪. **খ. ২ ডিসেম্বর, ১৯৯৭** । শান্তি চুক্তি স্বাক্ষর করেন- জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় গঠিত হয়- ১৯৯৮ সালে ।

১৫. **ক. কক্সবাজার**। হিমছড়ি শীতল পানির ঝরনা। মাধবকুণ্ড ও হামহাম জলপ্রপাত- মৌলভীবাজার। নাফাখুম জলপ্রপাত- থানচি, বান্দরবান। সীতাকুণ্ড ঝরনা- চট্টগ্রাম।

১৬. **খ. ২৮(২)**। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৮(২) অনুচ্ছেদে বলা হয়েছে, "রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী-পুরুষ সমান অধিকার লাভ করবে"।

১৭. **ক. শের শাহ**। অন্যান্য কৃতিত্ব- কবুলিয়ত ও পাট্টা প্রথা চালু, দাম মুদ্রার প্রচলন, গ্রান্ড ট্রাঙ্ক রোড নির্মাণ।

১৮. **গ. ইন্দোনেশিয়া**। বিখ্যাত দ্বীপ- সুমাত্রা, জাভা, বালি, সুলাওয়েসি (সেলিবস), বোর্নিও। ইন্দোনেশিয়া- "হাজার দ্বীপের দেশ"। ফিনল্যান্ড- "হাজার হ্রদের দেশ"।

১৯. **খ. ১৪ জুলাই, ১৭৮৯**। বাস্তিল দুর্গের পতনের মধ্য দিয়ে ফরাসি বিপ্লব শুরু হয় এবং সমাপ্তি ঘটে ৯ নভেম্বর, ১৭৯৯ সালে নেপোলিয়নের উত্থানের মধ্য দিয়ে।

২০. **ক. ডব্লিউ ডি গ্লাডস্টোন**। "Democracy is the government of the people, by the people, for the people" - Abraham Lincoln.

২১. **গ. কামরুল হাসান**। "এই জানোয়ারদের হত্যা করতে হবে" (১৯৭১): ইয়াহিয়াকে ব্যঙ্গ করে। "দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে" (১৯৮৮): এরশাদকে ব্যঙ্গ করে।

২২. **ঘ. আখতার হামিদ খান**। পূর্ণরূপ: Bangladesh Academy for Rural Development. বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি। অবস্থান: কোটবাড়ী, কুমিল্লা।

২৩. **ক. সুপ্রিম কোর্ট**। কোর্ট অব রেকর্ড হলো এমন একটি আদালত, যেখানে বিচারকার্য স্থায়ীভাবে নথিভুক্ত থাকে এবং সেই নথির সত্যতা নিয়ে কোনো প্রশ্ন তোলা যায় না। বাংলাদেশের সংবিধান অনুযায়ী, সুপ্রিম কোর্টকে কোর্ট অব রেকর্ড হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে।

২৪. **খ. সেন্টমার্টিন**। সর্বদক্ষিণের জেলা- কক্সবাজার, উপজেলা টেকনাফ, স্থান- সেন্টমার্টিন(ছেঁড়াদ্বীপ)।

২৫. **খ. বেগম রাজিয়া বানু** । একমাত্র বিরোধী দলীয়(ন্যাপ মোজাফফর) সদস্য- সুরঞ্জিত সেনগুপ্ত। মোট সদস্য: ৩৪ জন।

২৬. **খ. চতুর্দশ লুই**। "আমিই রাষ্ট্র" - ফরাসি সম্রাট চতুর্দশ লুই। "আমি যা ইচ্ছা করি তাই আইন"-ফরাসি সম্রাট ষোড়শ লুই । "দুনিয়ার মজদুর এক হও"- কাল মার্কস ।

২৭. **ক. ১৭৯৩**। চিরস্থায়ী বন্দোবস্ত ছিল লর্ড কর্নওয়ালিস প্রবর্তিত একটি ভূমি রাজস্ব ব্যবস্থা। এর মাধ্যমে জমিদাররা নির্দিষ্ট হারে রাজস্ব প্রদান সাপেক্ষে তাদের জমির ওপর চিরস্থায়ী মালিকানা লাভ করত।

২৮. **ক. জয়নুল আবেদীন**। "ম্যাডোনা ৪৩": ১৯৪৩ সালের বাংলার ভয়াবহ দুর্ভিক্ষ ও এর পরবর্তী মানবিক দুর্দশার করুণ চিত্র। ['ম্যাডোনা' শব্দটি প্রাচীন ইতালীয় ma donna থেকে উদ্ভূত, যার আক্ষরিক অর্থ হলো 'আমার ভদ্রমহিলা'।

## মডেল টেস্ট: ০২

**১. কোন সময়কালকে Generation-Z (Gen-Z)-এর ব্যাপ্তি ধরা হয়?**
ক. ১৯৬০-১৯৮০ খ. ২০০১-২০২০
গ. ১৯৯৭-২০১২ ঘ. ২০১০-২০২৪

**২. 'মব' (Mob Justice) শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
ক. ফ্রেঞ্চ গ. ইংরেজি
খ. ল্যাতিন ঘ. হিন্দি

**৩. সাত-ইল-আরবকে কেন্দ্র করে ইরাক ও ইরানের মধ্যে স্বাক্ষরিত চুক্তির নাম-**
ক. দামেস্ক চুক্তি খ. আলজিয়ার্স চুক্তি
গ. কায়রো চুক্তি ঘ. তাসখন্দ চুক্তি

**৪. কোন কমিশনের সুপারিশের ভিত্তিতে চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা বাতিল হয়?**
ক. নাথান কমিশন খ. ক্রিপস কমিশন
গ. ফ্লাউড কমিশন

**৫. জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে?**
ক. হামিদুর রহমান খ. তানভীর কবির
গ. মাইনুল হোসেন ঘ. মাজহারুল ইসলাম

**৬. নরওয়ের মুদ্রার নাম-**
ক. গেল্ডার খ. ইউরো
গ. ক্রোন ঘ. পেসো

**৭. 'নুখবা ফোর্স' কোন দেশের স্বাধীনতাকামী সংগঠন?**
ক. ইসরায়েল খ. সিরিয়া
গ. ফিলিস্তিন ঘ. চেক প্রজাতন্ত্র

**৮. পূর্ব বাংলার ও আসামের প্রথম লেফটেন্যান্ট গভর্নর কে ছিলেন?**
ক. ফুলার খ. কার্জন
গ. মিন্টো ঘ. হেস্টিংস

**৯. IDB-এর সদরদপ্তর কোথায়?**
ক. রিয়াদ খ. জেদ্দা
গ. দুবাই ঘ. বাহরাইন

**১০. জেনেভা কনভেনশন হলো কতগুলো?**
ক. মানবাধিকার চুক্তি খ. সামরিক চুক্তি
গ. যুদ্ধ চুক্তি ঘ. অর্থনৈতিক চুক্তি

**১১. বিশ্ব আদিবাসী দিবস-**
ক. ৯ আগস্ট খ. ১০ আগস্ট
গ. ১১ আগস্ট ঘ. ১২আগস্ট

**১২. ভারতে কাগজি মুদ্রা চালু করেন কে?**
ক. লর্ড ক্যানিং খ. লর্ড হার্ডিঞ্জ
গ. লর্ড মেয়ো ঘ. লর্ড মিন্টু

**১৩. টেকসই উন্নয়নের জন্য কোনটির উপর গুরুত্ব দেওয়া হয়?**
ক. সামাজ খ. অর্থনীতি
গ. পরিবেশ ঘ. রাজনীতি

**১৪. শিল্প বিপ্লব প্রথম কোন দেশে শুরু হয়?**
ক. ইংল্যান্ড খ. জার্মানি
গ. আমেরিকা ঘ. ফ্রান্স

**১৫. দেশের সর্বোচ্চ আইন প্রণয়ন কারী কর্তৃপক্ষ হচ্ছে-**
ক. জাতীয় সংসদ খ. শাসন বিভাগ
গ. বিচার বিভাগ ঘ. মহা হিসাব নিরীক্ষক

**১৬. Theory of good and evil গ্রন্থটি কার লেখা?**
ক. হবস খ. রাসড্যাল
গ. হিটলার ঘ. রুশো

**১৭. চা গবেষণা কেন্দ্র কোথায় অবস্থিত?**
ক. ঢাকায় খ. চট্টগ্রামে
গ. শ্রীমঙ্গলে ঘ. সিলেটে

**১৮. চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করা হয় কোন সালে?**
ক. ১৭৯৩ সালে খ. ১৭৫৭ সালে
গ. ১৭৬৪ সালে ঘ. ১৮৫৭ সালে

**১৯. সফোক্লিস কোন দেশের নাট্যকার?**
ক. ফ্রান্স খ. ইতালি
গ. জার্মানি ঘ. গ্রীস

**২০. বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কোনটি?**
ক. সুরমা খ. কর্ণফুলী
গ. তিস্তা ঘ. মেঘনা

**২১. মুক্তিযুদ্ধের সময় রাজশাহী কোন সেক্টরের অধীনে ছিল?**
ক. সেক্টর-৩ খ. সেক্টর-৭
গ. সেক্টর-৮ ঘ. সেক্টর-৯

**২২. পবিত্র ভূমি কোনটিকে বলা হয়?**
ক. প্যালেস্টাইন খ. মদিনা
গ. জেরুজালেম ঘ. কাশ্মীর

**২৩. বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে ছিলেন?**
ক. ইন্দিরা গান্ধী, ভারত
খ. গোল্ডা মেয়ার, ইসরাইল
গ. মার্গারেট থ্যাচার, ব্রিটেন
ঘ. শ্রীমাভো বন্দেরনায়েকে, শ্রীলঙ্কা

**২৪. মুক্তিযুদ্ধ জাদুঘর কোথায় অবস্থিত?**
ক. আগারগাঁও খ. সেগুনবাগিচা
গ. মগবাজার ঘ. বনানী

**২৫. প্রথম বর্ণমালা উদ্ভাবন করেন-**
ক. মিশরীয়রা খ. সুমেরীয়রা
গ. ফিনিশীয়রা ঘ. রোমানরা

**২৬. 'সূর্য দীঘল বাড়ি' চলচ্চিত্রের পরিচালক কে?**
ক. শেখ নিয়ামত আলী খ. আবু ইসহাক
গ. জহির রায়হান ঘ. তারেক মাসুদ

**২৭. ১৯৫২ সালের তৎকালীন ভাষা আন্দোলন কীসের জন্ম দিয়েছিল?**
ক. এক রাজনৈতিক মতবাদের খ. এক সংস্কৃতি আন্দোলনের
গ. এক নতুন জাতীয় চেতনা ঘ. এক নতুন সমাজ ব্যবস্থার

**২৮. ইউনেস্কো কোন তারিখে ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়?**
ক. ২১ ফেব্রুয়ারি, ২০০৪ খ. ১৭ নভেম্বর, ১৯৯৯
গ. ২২ সেপ্টেম্বর, ১৯৯৮ ঘ. ২৬ মার্চ, ১৯৯৭

## মডেল টেস্ট: ০২ - উত্তর ও ব্যাখ্যা

১. গ. ১৯৯৭-২০১২। Gen α: 2013–2024, Gen Z: 1997–2012, Gen Y: 1981–1996, Gen X: 1965–1980।

২. খ. ল্যাতিন। মব (Mob) শব্দটি ল্যাটিন "mobile vulgus" থেকে এসেছে, যার অর্থ 'উচ্ছৃঙ্খল জনতা'।

৩. খ. আলজিয়ার্স চুক্তি। ১৯৭৫ সালের ১৩ জুন আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে ইরান ও ইরাকের মধ্যে আলজিয়ার্স চুক্তি স্বাক্ষরিত হয়। যার মাধ্যমে শাত ইল আরব নদীকে কেন্দ্র করে সীমান্ত নির্ধারণ করা হয়।

৪. গ ফ্লাউড কমিশন। ১৯৩৮: ফ্লাউড কমিশন গঠন। ১৯৫১: প্রজাস্বত্ব আইন কার্যকর; জমিদারি প্রথা ও চিরস্থায়ী বন্দোবস্ত বাতিল।

৫. গ. মাইনুল হোসেন। জাতীয় স্মৃতিসৌধ সাভার, ঢাকায় অবস্থিত। উচ্চতা ১৫০ ফুট এবং ৭টি স্মৃতি স্তম্ভ নিয়ে গঠিত।

৬. গ. ক্রোন। নরওয়ে এবং ডেনমার্কের মুদ্রার নাম হলো ক্রোন (Krone), আর সুইডেন ও আইসল্যান্ডে মুদ্রার নাম হলো ক্রোনা (Krona)।

৭. গ. ফিলিস্তিন। নুখবা ফোর্স (ঘঁশযনধ ঋড়ৎপব) হলো ফিলিস্তিনের হামাস সংগঠনের আল-কাস্সাম ব্রিগেডসের বিশেষ কমান্ডো ইউনিট।

৮. ক. ফুলার। লর্ড কার্জন: ১৬ অক্টোবর, ১৯০৫ বঙ্গভঙ্গ কার্যকর করেন। ওয়ারেন হেস্টিংস: ১৭৭২ সালে দ্বৈত শাসনের অবসান করেন। লর্ড মিন্টো: ১৯০৯ সালের মর্লি-মিন্টো সংস্কার আইন প্রবর্তন করেন।

৯. খ. জেদ্দা। পূর্ণরূপ: Islamic Development Bank (IDB) সদর দপ্তর: জেদ্দা, সৌদি আরব। সদস্য দেশ: ৫৭টি। বর্তমান সভাপতি: ডক্টর মুহাম্মদ আল-জাসের

১০. গ. যুদ্ধ চুক্তি। জেনেভা কনভেনশন হলো চারটি আন্তর্জাতিক চুক্তি, যা যুদ্ধকালীন সময়ে বেসামরিক জনগণ, যুদ্ধবন্দী, আহত সৈনিক এবং অসামরিক স্থাপনার (যেমন- হাসপাতাল) সুরক্ষা নিশ্চিত করে।

১১. ক. ৯ আগস্ট। আদিবাসী দিবস আদিবাসী হলো কোনো দেশের প্রাচীনতম বাসিন্দা, যাদের নিজস্ব ঐতিহ্য, সংস্কৃতি ও ভূগোলের সঙ্গে গভীর সম্পর্ক আছে।

১২. ক. লর্ড ক্যানিং। লর্ড জন ক্যানিং ব্রিটিশ ভারতের সর্বশেষ গভর্নর জেনারেল ও প্রথম ভাইসরয় ছিলেন। ১৮৬১ সালে তিনি ভারতীয় উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রা প্রচলন, বার্ষিক বাজেট ঘোষণা এবং পুলিশ প্রশাসন ব্যবস্থা চালু করেন।

১৩. গ. পরিবেশ। জাতিসংঘ ২৫ সেপ্টেম্বর ২০১৫ সালে ১৭টি লক্ষ্য ও ১৬৯টি উদ্দেশ্য নিয়ে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) গৃহীত করে, যা ২০১৬ সালের ১ জানুয়ারি থেকে ২০৩০ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বাস্তবায়িত হবে।

১৪. ক. ইংল্যান্ড। ১৭৬০ সালে ইংল্যান্ডে প্রথম শিল্প বিপ্লব শুরু হয়। ব্রিটিশ অর্থনৈতিক ইতিহাসবিদ আর্নল্ড টয়েনবি ১৭৬০-১৮৪০ সালের অর্থনৈতিক পরিবর্তনকে "শিল্প বিপ্লব" নামে অভিহিত করেন।

১৫. ক. জাতীয় সংসদ/আইন বিভাগ। জাতীয় সংসদে আইন প্রণয়ন করা হয় এবং রাষ্ট্রপতির অনুমোদনের পর সরকারি গেজেটে প্রকাশিত হয়ে তা আইন হিসেবে কার্যকর হয়।

১৬. খ. রাসড্যাল। টমাস হবস- Leviathan. রুশো- The Social Contract. হিটলার- Mein Kampf.

১৭. গ. শ্রীমঙ্গল, মৌলভীবাজার। বাংলাদেশ চা বোর্ড- নাসিরাবাদ, চট্টগ্রাম। নিবন্ধিত চা বাগান- ১৭১টি(২০২৫)।

১৮. ক. ১৭৯৩ সালে। ১৭৯৩ সালের ২২ মার্চ লর্ড কর্নওয়ালিস চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন। এতে জমিদারদের জমির স্থায়ী মালিকানা দেওয়া হয়, কৃষকরা জমির অধিকার হারায়। ১৯৫০ সালে এই প্রথা উচ্ছেদ করা হয়।

১৯. ঘ. গ্রীস। বিখ্যাত নাটক: Oedipus Rex, Antigone & Oedipus at Colonus. জর্জ বার্নাড শো- আয়ারল্যান্ড। উইলিয়াম শেক্সপিয়ার- ইংল্যান্ড

২০. খ. কর্ণফুলী। উৎপত্তি- মিজোরামের লুসাই পাহাড়। প্রধান উপনদী- হালদা ও কাসালং।

২১. খ. সেক্টর-৭। ৭নং সেক্টর- জয়পুরহাট, নওগাঁ, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, সিরাজগঞ্জ, পাবনা। সেক্টর কমান্ডার: মেজর নাজমুল হক ও মেজর কাজী নুরুজ্জামান।

২২. গ. জেরুজালেম। জেরুজালেম তিনটি প্রধান ধর্মের পবিত্র স্থানের কেন্দ্র। ইসলাম- আল আকসা, খ্রিষ্টান- যীশুর জন্মস্থান (বেথলেহেম), ইহুদী- ওয়েস্টার্ন ওয়াল।

২৩. ঘ. শ্রীমাভো বন্দেরনায়েকে, শ্রীলঙ্কা। বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী: শ্রীমাভো বন্দরনায়েক(শ্রীলংকা)। বিশ্বের প্রথম মুসলিম মহিলা প্রধানমন্ত্রী: বেনজীর ভুট্টো(পাকিস্তান)। বাংলাদেশের প্রথম/ বিশ্বের দ্বিতীয় মুসলিম মহিলা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া (বাংলাদেশ)।

২৪. ক. আগারগাঁও। মুক্তিযুদ্ধ জাদুঘরের সূচনা হয় ১৯৯৬ সালের ২২শে মার্চ ঢাকার সেগুনবাগিচায় একটি ভাড়া বাড়িতে। পরবর্তীতে ২০১৭ সালের ১৬ই এপ্রিল এটি ঢাকার আগারগাঁওয়ে নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়।

২৫. গ. ফিনিশীয়রা। ফিনিশীয়রা ২২টি ব্যঞ্জনবর্ণ নিয়ে একটি বর্ণমালা প্রবর্তন করে, যা থেকেই আধুনিক বর্ণমালার সূচনা ঘটে। ফিনিশীয়রা শ্রেষ্ঠ নাবিক ও জাহাজ নির্মাতা হিসেবে।

২৬. ক. শেখ নিয়ামত আলী। আবু ইসহাক রচিত 'সূর্য দীঘল বাড়ি' একটি সামাজিক উপন্যাস(১৯৫৫ সালে)। এই উপন্যাস অবলম্বনে ১৯৭৯ সালে চলচ্চিত্র নির্মিত হয়, যা ছিল সরকারি অনুদানে নির্মিত প্রথম চলচ্চিত্র।

২৭. গ. এক নতুন জাতীয় চেতনা। ভাষা আন্দোলনের মাধ্যমে বাঙালি জনগণ নতুন জাতীয় চেতনায় ঐক্যবদ্ধ হয়ে নিজেদের অস্তিত্ব ও সাংস্কৃতিক পরিচয়ের দাবি প্রতিষ্ঠা করে।

২৮. ফ্রান্সের রাজধানী প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর ৩০তম অধিবেশনে, ১৯৯৯ সালের ১৭ নভেম্বর, একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণার প্রস্তাব গৃহীত হয়।

## মডেল টেস্ট: ০৩

**১. জাতিসংঘের কোন সংস্থা GI পণ্যের সনদ প্রদান করে?**
ক. WTO খ. WHO
গ. UNESCO ঘ. WIPO

**২. রাষ্ট্রীয় বনভূমি নেই কতটি জেলায়?**
ক. ২৬টি খ. ২৭টি
গ. ২৮টি ঘ. ২৯টি

**৩. বিশ্বের প্রথম সমাজতান্ত্রিক বিপ্লব কত সালে হয়?**
ক. ১৭৮৯ খ. ১৯১৭
গ. ২০১০ ঘ. ১৬৮৮

**৪. বাংলাদেশে প্রথম সাধারণ নির্বাচন কখন অনুষ্ঠিত হয়?**
ক. ৭ মার্চ, ১৯৭২ খ. ১৭ মার্চ, ১৯৭৩
গ. ৭ মার্চ, ১৯৭৩ ঘ. ৭ মার্চ, ১৯৭১

**৫. G-7 এর একমাত্র এশীয় দেশ-**
ক. উত্তর কোরিয়া খ. জাপান
গ. চীন ঘ. মালয়েশিয়া

**৬. বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্লাটুন কমান্ডার হিসেবে নেতৃত্ব দিয়েছিল কোন শিল্পী?**
ক. হামিদুজ্জামান খান খ. সমরজিৎ রায়
গ. কামরুল হাসান ঘ. শাহাবুদ্দিন আহমেদ

**৭. শুভলং ঝরণা কোন জেলায় অবস্থিত?**
ক. মৌলভীবাজার খ. বান্দরবান
গ. রাঙামাটি ঘ. সিলেট

**৮. From third World to first বইটির লেখক কে?**
ক. লি কুয়ান ইউ খ. এ পি যে আবুল কালাম
গ. ড. মুহাম্মদ ইউনুস ঘ. মাহাথির মোহাম্মদ

**৯. পৃথিবীর সবচেয়ে পুরাতন কীর্তি স্তম্ভ কোনটি?**
ক. তাজমহল খ. কুতুব মিনার
গ. পিরামিড ঘ. আইফেল টাওয়ার

**১০. মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র 'চিত্রা নদীর পাড়ে' পরিচালনা করেন-**
ক. তানভীর মোকাম্মেল খ. নাসিরউদ্দিন ইউসুফ
গ. তারেক মাসুদ ঘ. শহীদুল আলম

**১১. 'আওয়ামী মুসলিম লীগ' থেকে 'মুসলিম' শব্দটা বাদ দেওয়া হয়-**
ক. ১৯৫৫ সালে খ. ১৯৫৭ সালে
গ. ১৯৫৮ সালে ঘ. ১৯৭১ সালে

**১২. বেসরকারি বিল কাকে বলে?**
ক. স্পিকার যে বিলকে বেসরকারি বলে ঘোষণা দেন
খ. সংসদ সদস্যদের উত্থাপিত বিল
গ. বিরোধীদলের সদস্যদের উত্থাপিত বিল
ঘ. রাষ্ট্রপতি কর্তৃক ঘোষিত বিল

**১৩. কার শাসনামলে সংবিধানের পঞ্চম সংশোধনী বিল পাস হয়?**
ক. শেখ মুজিবুর রহমান খ. এইচ এম এরশাদ
গ. বেগম খালেদা জিয়া ঘ. জিয়াউর রহমান

**১৪. কোন সংস্থাটি পরিবেশ ইস্যুর সাথে সম্পর্কযুক্ত?**
ক. OIC খ. MIGA
গ. IPCC ঘ. WMO

**১৫. 'The Spirit of Islam' গ্রন্থের লেখক কে?**
ক. সৈয়দ আহমদ খান খ. হাজী মুহম্মদ মহসিন
গ. নওয়াব আব্দুল লতিফ ঘ. সৈয়দ আমির আলী

**১৬. বাংলাদেশে বাস নেই এমন উপজাতির নাম-**
ক. সাঁওতাল খ. মাওরি
গ. মুরং ঘ. গারো

**১৭. বিদেশে কোন মিশনে সর্বপ্রথম পতাকা উত্তোলন করা হয়?**
ক. লন্ডন খ. ওয়াশিংটন
গ. নিউইয়র্ক ঘ. কলকাতা

**১৮. কোন প্রাচীন সভ্যতায় হাম্মুরাবির আইন প্রচলিত হয়েছিল?**
ক. মায়া সভ্যতা খ. মেসোপটেমীয় সভ্যতা
গ. গ্রিক সভ্যতা ঘ. মিশরীয় সভ্যতা

**১৯. সমাচার দর্পণ পত্রিকার সম্পাদক কে ছিলেন?**
ক. জন ক্লার্ক মার্শম্যান খ. জর্জ আব্রাহাম গিয়ার্সন
গ. উইলিয়াম কেয়ারী ঘ. ডেভিড হেয়ার

**২০. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি?**
ক. পলাশী ব্যারাক খ. নেকড়ে অরণ্য
গ. কী চাহ শঙ্খচিল ঘ. দোযখের ওম

**২১. 'Let there be Light' প্রামাণ্য চিত্রটির পরিচালক কে?**
ক. শওকত ওসমান খ. শবনম ফেরদৌসী
গ. তৌকির আহমেদ ঘ. জহির রায়হান

**২২. ঢাকার 'ধোলাই খাল' কে খনন করেন?**
ক. পরিবিবি খ. ইসলাম খান
গ. শায়েস্তা খান ঘ. ঈশা খান

**২৩. বাংলাদেশের প্রথম মহিলা বিচারপতির নাম কী?**
ক. তানিয়া আমির খ. নাজমুন আরা সুলতানা
গ. ফারাহ মাহবুব ঘ. আসমা শরিফ

**২৪. 'সেক্রেটারি অব দ্যা স্টেট' বলা হয় কোন দেশের পররাষ্ট্রমন্ত্রীকে?**
ক. UAE খ. UK
গ. USA ঘ. USA

**২৫. অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী -**
ক. শহিদ সোহরাওয়ার্দী খ. খাজা নাজিমউদ্দীন
গ. এ কে ফজলুল হক ঘ. নুরুল আমীন

**২৬. বাংলাদেশের একমাত্র প্রবালদ্বীপের নাম-**
ক. সেন্টমার্টিন খ. মহেশখালী
গ. হাতিয়া ঘ. সন্দীপ

**২৭. টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) অর্জনের নিচের কোনটির গুরুত্ব সবচেয়ে বেশি?**
ক. সক্ষমতা তৈরি খ. অংশীদারিত্ব
গ. সমতা ঘ. উপরের সবগুলো

**২৮. 'September on Jessore Road'কবিতাটি কার লেখা?**
ক. সাইমন ড্রিং খ. অ্যান্থনিম্যাস কারেনহাস
গ. মার্ক টালি ঘ. অ্যালান গিন্সবার্গ

## মডেল টেস্ট: ০৩ - উত্তর ও ব্যাখ্যা

১. **ঘ. WIPO**. GI সনদ সরাসরি WIPO দ্বারা প্রদান করা হয় না। বাংলাদেশে WIPO-এর প্রতিনিধি হিসেবে DPDT দেশের পণ্যের জন্য GI সনদ প্রদান করে।

২. **ঘ. ২৯টি**। বাংলাদেশের ২৯ জেলায় কোনো রাষ্ট্রীয় বনভূমি নেই, আর ৩৫ জেলায় রাষ্ট্রীয় বনভূমি রয়েছে। সূত্র: বন অধিদপ্তর ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)।

৩. **খ. ১৯১৭**। রুশ বিপ্লবের অন্য নাম: বলশেভিক বিপ্লব, সমাজতান্ত্রিক বিপ্লব, অক্টোবর বিপ্লব ও ফেব্রুয়ারি বিপ্লব। বলশেভিক বিপ্লবের মাধ্যমে লেনিনের নেতৃত্বে রাশিয়ায় বিশ্বের প্রথম সমাজতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়।

৪. **গ. ৭ মার্চ, ১৯৭৩**। সংবিধান কার্যকর হওয়ার পর গণপরিষদ ভেঙে দেওয়া হয় এবং নির্বাচন অনুষ্ঠিত হয়। মোট আসন: ৩১৫ (৩০০ সাধারণ + ১৫ সংরক্ষিত মহিলা আসন)

৫. **খ. জাপান**। বিশ্বের সাতটি উন্নত দেশের জোট–কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র। রাশিয়া ১৯৯৮ সালে যোগ দিয়ে জোটকে জি-৮ করেছিল, কিন্তু ২০14 সালে ক্রিমিয়া দখলের পর বহিষ্কৃত হয়।

৬. **ঘ. শাহাবুদ্দিন আহমেদ**। প্লাটুন কমান্ডার হলেন একটি সামরিক ইউনিটের প্রধান। চিত্রকর্মে অসামান্য অবদানের জন্য ফ্রান্সের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা নাইট উপাধি পেয়েছেন।

৭. **গ. রাঙামাটি**। নাফাখুম ঝর্ণা- বান্দরবান। হামহাম ঝর্ণা- মৌলভীবাজার। নীলগিরি ঝর্ণা- বান্দরবান। দেবতাখুম ঝর্ণা, বান্দরবান। নীলাদ্রি ঝর্ণা- রাঙামাটি।

৮. **ক. লি কুয়ান ইউ**- সিঙ্গাপুরের প্রথম প্রধানমন্ত্রী ছিলেন (১৯৫৯-১৯৯০)। তার নেতৃত্বে সিঙ্গাপুর তৃতীয় বিশ্বের একটি অনুন্নত দেশ থেকে প্রথম বিশ্বের উন্নত দেশে পরিণত হয়।

৯. **গ. পিরামিড**। মিশরের সর্ববৃহৎ পিরামিড- ফারাও খুফুর পিরামিড। মিশরে মোট পিরামিডের সংখ্যা ১১৮টি+। বিশ্বের সর্বাধিক পিরামিডের সংখ্যা ধারণকারী দেশ হলো সুদান(১২৫টি+)।

১০. **ক. তানভীর মোকাম্মেল**। 'চিত্রা নদীর পাড়ে' চলচ্চিত্রটি ১৯৪৭ সালের দেশভাগ প্রেক্ষাপটে নির্মিত।

১১. **ক. ১৯৫৫ সালে**। ১৯৫৫ সালের ২২শে সেপ্টেম্বর শহীদ সোহরাওয়ার্দী আওয়ামী লীগ থেকে মুসলিম শব্দটি বাদ দেওয়ার প্রস্তাব করলে সর্ব সম্মতিক্রমে তা গৃহীত হয়।

১২. **খ. সংসদ সদস্যদের উত্থাপিত বিল**। যে বিল মন্ত্রীদের দ্বারা উত্থাপিত হয় তাকে সরকারি বিল বলে।

১৩. **ঘ. জিয়াউর রহমান**। সংবিধানের পঞ্চম সংশোধনী জাতীয় সংসদে ১৯৭৯ সালের ৬ এপ্রিল অনুমোদিত হয়। মূল উদ্দেশ্য: ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যার পর থেকে ১৯৭৯ সাল পর্যন্ত সামরিক শাসনকালীন জারি করা সব বিধি, আদেশ ও কর্মকাণ্ডকে বৈধতা দেওয়া।

১৪. **গ. IPCC** পরিবেশ ইস্যুর সাথে সম্পর্কিত সংস্থা- IPCC, UNFCCC, UNEP & IUCN.

১৫. **উত্তর: ঘ. সৈয়দ আমির আলী**। সৈয়দ আমীর আলি 'Central National Muhammadan Association' প্রতিষ্ঠা করেন- ১৮৭৭ সালে।

১৬. **খ. মাওরি**- নিউজিল্যান্ডের আদিবাসী। বাংলাদেশ- ওরাওঁ, কোচ, কোল, কন্দ, কড়া, খারিয়া/খাড়িয়া, খারওয়ার/খাড়োয়ার, খাসিয়া, খিয়াং, খুমি, গারো, গঞ্জু, গড়াইত, গুর্খা, চাক, চাকমা, ডালু, তঞ্চঙ্গা, ত্রিপুরা, তেলী, তুরী, মালপাহাড়ি, পাংখোয়া, পাত্র, বাগদি, বানাই, বাড়াইক, বেদিয়া, বম, বর্মণ, ভিল, ভূমিজ, ভুঁইমালি, মণিপুরী, মারমা, মুন্ডা, ম্রো, মাহাতো, মালো, মাহালী, মুসহর, রাখাইন, রাজোয়ার, লোহার, লুসাই, শবর, সাঁওতাল, হুদি, হো এবং হাজং।

১৭. **ঘ. কলকাতা**। ১৮ এপ্রিল ১৯৭১: কলকাতায় পাকিস্তান ডেপুটি হাইকমিশনের বাঙালি কর্মকর্তারা বাংলাদেশের প্রতি আনুগত্য ঘোষণা করেন এবং মোহাম্মদ হোসেন আলীর নেতৃত্বে প্রথমবার বিদেশে বাংলাদেশের পতাকা উত্তোলিত হয়।

১৮. **খ. মেসোপটেমীয় সভ্যতা**। গ্রিক শব্দ 'মেসোপটেমিয়া' অর্থ হলো "দুই নদীর মধ্যবর্তী দেশ"। এটি বিশ্বের প্রাচীনতম সভ্যতা। ইরাকের পূর্বনাম মেসোপোটেমিয়া।

১৯. **ক. জন ক্লার্ক মার্শম্যান**। বাংলা ভাষায় প্রথম প্রকাশিত সংবাদপত্র হলো 'সমাচার দর্পণ'। বাংলা ভাষায় প্রথম সাময়িকপত্র হলো দিগদর্শন।

২০. **খ. নেকড়ে অরণ্য**। মুক্তিযুদ্ধভিত্তিক গুরুত্বপূর্ণ উপন্যাস - রাইফেল রোটি আওরাত(প্রথম), 'হাঙ্গর নদী গ্রেনেড' 'দেয়াল', '১৯৭১' 'নিষিদ্ধ লোবান', 'আমি বীরাঙ্গনা বলছি', 'দুই সৈনিক', 'জীবন আমার বোন'।

২১. **ঘ. জহির রায়হান**। তাঁর আরও দুটি প্রামাণ্যচিত্র- স্টপ জেনোসাইড, এ স্টেট ইজ বর্ন। তারেক মাসুদ- মুক্তির কথা, মুক্তির গান। আলমগীর কবির - লিবারেশন ফাইটার্স।

২২. **খ. ইসলাম খান**। অন্যান্য কৃতিত্ব- ১৬১০ সালে ঢাকাকে প্রথম রাজধানীর মর্যাদা প্রদান করেন

২৩. **খ. নাজমুন আরা সুলতানা** বাংলাদেশের প্রথম নারী: প্রধানমন্ত্রী- খালেদা জিয়া, নির্বাচন কমিশনার- কমিতা খানম।

২৪. **গ. USA.** মুক্তিযুদ্ধ চলাকালীন USA-এর 'সেক্রেটারি অব দ্যা স্টেট' ছিলেন- উইলিয়াম পিয়ার্স রজার্স।

২৫. **গ. এ কে ফজলুল হক**। অবিভক্ত বাংলার তিনজন মুখ্যমন্ত্রী হলেন: ১. এ. কে. ফজলুল হক (১৯৩৭-১৯৪৩), ২. খাজা নাজিমুদ্দিন (১৯৪৩-১৯৪৫), এবং ৩. হোসেন শহীদ সোহরাওয়ার্দী (১৯৪৬-১৯৪৭)।

২৬. **ক. সেন্টমার্টিন**। প্রবাল দ্বীপ হলো সমুদ্রের প্রবালের দেহাবশেষে তৈরি দ্বীপ। এসব জমে স্থলভাগ গঠন করে।

২৭. **খ. অংশীদারিত্ব**।.........all of which depend upon secure means of implementation and durable partnerships.- UNDP

২৮. **ঘ. অ্যালান গিন্সবার্গ** - মার্কিন কবি। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ ও শরণার্থীদ প্রেক্ষাপটে রচিত ১৫২ লাইনের কবিতা।

## মডেল টেস্ট: ০৪

**১. সম্প্রতি মধ্যপ্রাচ্যের কোন মার্কিন সামরিক ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরান? (জুলাই, ২০২৫)**
ক. আল হুর্মুজ এয়ারবেস　খ. আল উদেইদ এয়ারবেস
গ. রুমালিন এয়ারবেস　ঘ. আল-আসাদ এয়ারবেস

**২. বাংলাদেশ BIMSTEC- এর সভাপতি পদে অধিষ্ঠিত থাকবে-**
ক. ২০২৬ সাল পর্যন্ত　খ. ২০২৭ সাল পর্যন্ত
গ. ৭ম সম্মেলন পর্যন্ত　ঘ. ৮ম সম্মেলন পর্যন্ত

**৩. বাংলাদেশের প্রথম নারী নির্বাচন কমিশনার কে ছিলেন**
ক. রোকেয়া হায়দার　খ. বেগম কবিতা খানম
গ. মাহফুজা খানম　ঘ. নাজমুন আরা সুলতানা

**৪. বারডেম হাসপাতালের প্রতিষ্ঠাতা কে**
ক. ডাক্তার এমআর খান　খ. ডা. মোহাম্মদ ইব্রাহিম
গ. ড. নুরুল ইসলাম　ঘ. ড. গোলাম রসূল

**৫. ১৯৭১ সালে 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' কোথায় অনুষ্ঠিত হয়?**
ক. লন্ডন, যুক্তরাজ্য　খ. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র
গ. কলকাতা, ভারত　ঘ. টরেন্টো, কানাডা

**৬. কৈবর্ত বিদ্রোহ কোন আমলের সংগঠিত হয়?**
ক. ইংরেজ আমলে　খ. মুঘল আমলে
গ. পাল আমলে　ঘ. সেন আমলে

**৭. ইসরায়েল রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা-**
ক. আর্থার বেলফোর　খ. থিওডোর হার্জেল
গ. মোনাটেম বেগিন　ঘ. ব্যারন রথচাইল্ড

**৮. 'Political Ideals' গ্রন্থের লেখক কে?**
ক. ম্যাকিয়াভেলি　খ. বার্ট্রান্ড রাসেল
গ. লক　ঘ. এরিস্টটল

**৯. বাংলাদেশ লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত?**
ক. চট্টগ্রাম　খ. সোনারগাঁও
গ. ঢাকা　ঘ. কুমিল্লা

**১০. চিকেন নেক কোনটি?**
ক. শিলিগুড়ি করিডোর　খ. কোলিল করিডোর
গ. দুই জার্মানির সংযোগস্থল
ঘ. তিনবিঘা করিডোর

**১১. মিয়ানমারে রোহিঙ্গারা নাগরিকত্ব হারায়-**
ক. ১৯৮২ সালে　খ. ১৯৭২ সালে
গ. ১৯৮০ সালে　ঘ. ১৯৯২ সালে

**১২. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?**
ক. নুরুল আমীন　খ. লিয়াকত আলী
গ. খাজা নাজিমউদ্দিন　ঘ. মোহাম্মদ আলী

**১৩. বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ এর সমাধিস্থল কোন জেলায়?**
ক. রাঙামাটি　খ. খাগড়াছড়ি
গ. চট্টগ্রাম　ঘ. ফরিদপুর

**১৪. বাংলাদেশের সংবিধান কতটি ভাষায় রচিত?**
ক. ১টি　খ. ২টি
গ. ৩টি　ঘ. ৪টি

**১৫. জাতিসংঘ ভুক্ত রাষ্ট্র সমূহের সর্বোচ্চ কূটনীতিকদের বলা হয়?**
ক. হাইকমিশনার　খ. সেক্রেটারি
গ. অ্যাম্বাসেডর　ঘ. প্রেসিডেন্ট

**১৬. ভারতে প্রথম প্রতীক মুদ্রা প্রবর্তন করেন?**
ক. শেরশাহ　খ. মুহাম্মদ বিন তুঘলক
গ. ইলতুৎমিস　ঘ. লর্ড কর্নওয়ালিস

**১৭. বাংলাদেশের সর্ববৃহৎ গণহত্যা কোথায় হয়?**
ক. সোহাগ পুর বিধবা পল্লী　খ. রায়েরবাজার
গ. চুকনগর　ঘ. হাসামদিয়া

**১৮. বরেন্দ্র জাদুঘর বাংলাদেশের কোথায় অবস্থিত?**
ক. চট্টগ্রাম　খ. রাজশাহী
গ. নারায়ণগঞ্জ　ঘ. বগুড়া

**১৯. পারস্য উপসাগর ও ওমান উপসাগরকে সংযুক্ত করেছে?**
ক. হরমুজ প্রণালী　খ. জিব্রাল্টার প্রণালী
গ. বেরিং প্রণালী　ঘ. ডোভার প্রণালী

**২০. বাংলাদেশের দ্বিতীয় ভৌগোলিক নির্দেশক পণ্য কোনটি?**
ক. ইলিশ মাছ　খ. আম
গ. জামদানি　ঘ. চিংড়ি

**২১. ব্ল্যাক সেপ্টেম্বর কী?**
ক. একটি গোয়েন্দা সংস্থা　খ. গেরিলা সংস্থা
গ. রাজনৈতিক সংগঠন　ঘ. একটি সন্ত্রাসী সংগঠন

**২২. 'সফরনামা' গ্রন্থের রচিয়তা-**
ক. মালিক কাফুর　খ. কলহন
গ. আমির খসরু　ঘ. ইবনে বতুতা

**২৩. ইউরোপের কোন দেশ সর্বপ্রথম বাংলাদেশকে সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়?**
ক. পোল্যান্ড　খ. ইংল্যান্ড
গ. ইতালি　ঘ. স্পেন

**২৪. মুক্তিযুদ্ধে কোন সেক্টরে নিয়মিত সেক্টর কমান্ডোর ছিল না?**
ক. ১ নং সেক্টর　খ. ৮ নং সেক্টর
গ. ১০ নং সেক্টর　ঘ. ১১ নং সেক্টর

**২৫. বাংলায় ফরায়েজি আন্দোলনের উদ্যোক্তা কে ছিলেন?**
ক. শাহ ওয়ালিউল্লাহ　খ. পীর মহসিন
গ. হাজী শরীয়তুল্লাহ　ঘ. তিতুমীর

**২৬. 'পড়িলে বই আলোকিত হই, না পড়িলে বই অন্ধকারে রই' স্লোগানটি-**
ক. বিশ্ব সাহিত্যকেন্দ্রের　খ. বাংলা একাডেমির
গ. বঙ্গীয় সাহিত্য পরিষদের
ঘ. গণগ্রন্থাগারের

**২৭. চলন বিল কোথায় অবস্থিত?**
ক. রাজশাহী জেলায়　খ. রাজশাহী ও নওগাঁ
গ. পাবনা, নাটোর ও সিরাজগঞ্জ
ঘ. নাটোর ও নওগাঁ

**২৮. বিশ্বব্যাংকের 'Soft Loan Window' হলো-**
ক. MIGA　খ. IBRD
গ. IFC　ঘ. IDA

## মডেল টেস্ট: ০৪ - উত্তর ও ব্যাখ্যা

১. **খ. আল উদেইদ এয়ারবেস**। কাতারের দোহায় অবস্থিত আল উদেইদ ঘাঁটি মধ্যপ্রাচ্যের বৃহত্তম মার্কিন সামরিক ঘাঁটি।

২. **খ. ২০২৭ সাল পর্যন্ত**। BIMSTEC-এর চেয়ারম্যান পদ বাংলাদেশ গ্রহণ করেছে এপ্রিলে ২০২৫ এবং দুই বছরের জন্য (২০২৫-২০২৭) দায়িত্ব পালন করবে।

৩. **খ. বেগম কবিতা খানম**। বাংলাদেশের প্রথম পাবলিক বিশ্ববিদ্যালয়ের নারী উপাচার্য- ফারজানা ইসলাম। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী উপ-উপাচার্য- ড. জিন্নাতুন্নেছা তাহমিদা।

৪. **খ. ডা. মোহাম্মদ ইব্রাহিম**। ১৯৫৬ সালের ফেব্রুয়ারিতে মোহাম্মদ ইব্রাহিমের নেতৃত্বে পাকিস্তান (বাংলাদেশ) ডায়াবেটিক অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠিত হয়। ১৯৮০ সালে শাহবাগে বারডেম হাসপাতালের উদ্বোধন করা হয়।

৫. **খ. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র**। সময়- ১ আগস্ট, ১৯৭১(রবিবার)। আয়োজক: জর্জ হ্যারিসন(যুক্তরাজ্য) এবং পন্ডিত রবিশঙ্কর(ভারত)। উদ্দেশ্য- বাংলাদেশের শরণার্থীদের সহায়তার জন্য তহবিল সংগ্রহ করা।

৬. **গ. পাল আমলে**। সময়কাল: ১০৭০-১০৮০ খ্রিস্টাব্দ। তৎকালীন শাসক: দ্বিতীয় মহীপাল (পাল বংশ)। কৈবর্ত বিদ্রোহের নেতা: দিব্যক। এই বিদ্রোহে দ্বিতীয় মহীপাল নিহত হন; বরেন্দ্র অঞ্চলের রাজা হন দিব্যক। ভারতীয় ইতিহাসের প্রথম কৃষক বিদ্রোহ।

৭. **খ. থিওডোর হার্জেল**। ইসরাইলের স্বপ্নদ্রষ্টা অস্ট্রিয়ান সাংবাদিক থিওডোর হার্জেল, যিনি ১৮৯৬ সালে 'জুডেনস্টাট' বা ইহুদি রাষ্ট্র গ্রন্থ রচনা করেন। ১৯৪৮ সালের ১৪ মে ব্রিটিশ ফিলিস্তিন ছাড়ার পর ইহুদিরা তাদের নিজস্ব রাষ্ট্র ইসরাইল ঘোষণা করে, যা একমাত্র দেশ যা শুধুমাত্র ধর্মের ভিত্তিতে নাগরিকত্ব প্রদান করে।

৮. **খ. বার্ট্রান্ড রাসেল**। ১৯৫০ সালে সাহিত্য ক্ষেত্রে Nobel Prize লাভকরেন। উল্লেখযোগ্য গ্রন্থ- The Elements of Ethics, Power: A New Social Analysis,

৯. **খ. সোনারগাঁও**। ১৯৭৫ সালে জয়নুল আবেদীনের উদ্যোগে বাংলাদেশ সরকার এই জাদুঘর প্রতিষ্ঠা করে।

১০. **ক. শিলিগুড়ি করিডোর**। আসামের ধুবড়িতে বাংলাদেশের সীমান্তের কাছে লাচিত বোরফুকান মিলিটারি স্টেশন স্থাপিত হচ্ছে, যা চিকেনস নেক করিডরের নিকটে।

১১. **ক. ১৯৮২ সালে**। রোহিঙ্গা মিয়ানমারের রাখাইন রাজ্যের নৃতাত্ত্বিক জাতিগোষ্ঠী।

১২. **গ. খাজা নাজিমউদ্দিন**। ১৯৫২'র ভাষা আন্দোলনের সময়: পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী: নুরুল আমিন, পাকিস্তানের গভর্নর জেনারেল: গোলাম মুহাম্মদ।

১৩. **ক. রাঙামাটি**। জন্ম- ১৯৪৩ সালে ফরিদপুর জেলায় কর্মস্থল- ইপিআর। পদবি- ল্যান্স নায়েক সেক্টর- ১নং। মৃত্যু- ৮ এপ্রিল/২০ এপ্রিল, ১৯৭১। সমাধি- রাঙ্গামাটি জেলার নানিয়ার চরে।

১৪. **খ. ২টি**। অনুচ্ছেদ ১৫৩নং এ বাংলা ও ইংরেজি ভাষার কথা বর্ণিত হয়েছে।

১৫. **গ. অ্যাম্বাসেডর**। High Commissioner: কমনওয়েলথ দেশগুলোর মধ্যে রাষ্ট্রদূতের সমপর্যায়ের কূটনীতিককে হাইকমিশনার বলা হয়। Ambassador: জাতিসংঘভুক্ত দেশসমূহের কাছে সর্বোচ্চ পর্যায়ের কূটনৈতিক প্রতিনিধি ব্যক্তিকে অ্যাম্বাসেডর হিসেবে অভিহিত করা হয়।

১৬. **খ. মুহাম্মদ বিন তুঘলক**। কৃষি ক্ষেত্রে উন্নয়নের উদ্দেশ্যে 'দেওয়ান-ই-কোহী' নামে স্বতন্ত্র কৃষি বিভাগ প্রতিষ্ঠা করেন।

১৭. **গ. চুকনগর**। মুক্তিযুদ্ধের সময় ১৯৭১ সালের ২০মে মাত্র এক প্লাটুন পাকিস্তানি সেনা ৪ ঘণ্টায় ব্রাশফায়ার করে হত্যা করে অন্তত ১২ হাজার নিরীহ মানুষকে।

১৮. **খ. রাজশাহী**। বরেন্দ্র গবেষণা জাদুঘর বাংলাদেশের প্রথম জাদুঘর হলো, যা ১৯১০ সালে প্রতিষ্ঠিত হয়। জাদুঘরটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত হয়।

১৯. **ক. হরমুজ প্রণালী**। জিব্রল্টার প্রণালী: ভূমধ্যসাগর ও আটলান্টিক সাগরকে সংযুক্ত করেছে। বেরিং প্রণালী: বেরিং সাগর ও চুকসি সাগরকে সংযুক্ত করেছে। ডোভার প্রণালী: আটলান্টিক মহাসাগর ও উত্তর সাগরকে সংযুক্ত করেছে।

২০. **ক. ইলিশ মাছ**। GI- Geographical Indication. প্রথম জিআই পণ্য- জামদানি শাড়ি ।

২১. **খ. গেরিলা সংস্থা**। ফাতাহ সংগঠন থেকে বিচ্ছিন্ন অংশ হিসেবে গঠিত। গঠন: ১৯৭১ সালে। বিলুপ্তি: ১৯৭৪ সালে।

২২. **ঘ. ইবনে বতুতা**। ১৩৩৪ খ্রিস্টাব্দে ইবনে বতুতা দিল্লিতে পৌঁছান এবং তখনকার সুলতান মুহাম্মদ বিন তুঘলক তাঁকে দিল্লির কাজী নিযুক্ত করেন। ফখরুদ্দীন মুবারক শাহের শাসনামলে ১৩৪৬ খ্রিস্টাব্দে তিনি বাংলায় সফর করেন।

২৩. **ক. পোল্যান্ড**। বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম ইউরোপীয় দেশ হলো তৎকালীন পূর্ব জার্মানি(১১ জানুয়ারি। ১৯৭২)। পোল্যান্ড- ১২ জানুয়ারি, ১৯৭২।

২৪. **গ. ১০ নং সেক্টর**। ১০ নং সেক্টর- দেশের সমুদ্র এলাকা ও নৌপথ নিয়ে গঠিত। যখন যে সেক্টরের অধীনে অভিযান পরিচালিত হতো সেই সেক্টরের কমান্ডার ১০ নং সেক্টরের কমান্ডারের ভূমিকা পালন করতো।

২৫. **গ. হাজী শরীয়তুল্লাহ**। আরবি 'ফরজ' থেকে ফরায়েজি শব্দটির উদ্ভব। ফরায়েজী আন্দোলনের প্রধান কেন্দ্র ছিল- ফরিদপুর।

২৬. **ক. বিশ্ব সাহিত্যকেন্দ্রের**। আবদুল্লাহ আবু সায়ীদ এর উদ্যোগে ১৭ ডিসেম্বর ১৯৭৮ সালে এই সংগঠন প্রতিষ্ঠিত হয়। নীতিবাক্য- আলোকিত মানুষ চাই।

২৭. **গ. পাবনা, নাটোর ও সিরাজগঞ্জ**। বাংলাদেশের সবচেয়ে বড় বিল- চলনবিল।

২৮. **ঘ. IDA.** যেসব দেশ IBRD থেকে ঋণ পায় না, তারা IDA থেকে ঋণ নেয়। IDA: বিশ্বব্যাংকের একটি সংস্থা, যা অনুন্নত দেশগুলোকে সহজ শর্তে স্বল্পসুদে ঋণ দেয়, তাই একে বলা হয় 'Soft Loan Window' ।

# মডেল টেস্ট: ০৫

**১. জুলাই ঘোষণাপত্র জারি করা হয় কবে?**
ক. ৩১ জুলাই, ২০২৪ খ. ৩১ আগস্ট, ২০২৫
গ. ৫ আগস্ট, ২০২৪ ঘ. ৫ আগস্ট, ২০২৫

**২. জুলাই সনদ স্বাক্ষরিত হয় কবে?**
ক. ১৭ অক্টোবর, ২০২৫ খ. ২৫ অক্টোবর, ২০২৫
গ. ৩৬ জুলাই, ২০২৫ ঘ. ৫ আগস্ট, ২০২৫

**৩. শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে কত সালে স্বাধীনতা পুরস্কার প্রদান করা হয়?**
ক. ২০০১ সালে খ. ২০০৩ সালে
গ. ১৯৭৫ সালে ঘ. ১৯৭৭ সালে

**৪. ফরাসি বিপ্লবের সূত্রে আবির্ভূত হয়েছিল?**
ক. পুঁজিবাদ খ. সামন্তবাদ
গ. জাতীয়তাবাদ ঘ. বিশ্বায়ন

**৫. 'দোলাই' কোন নদীর পূর্ব নাম?**
ক. যমুনা খ. পদ্মা
গ. বুড়িগঙ্গা ঘ. সুরমা

**৬. আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?**
ক. ঢাকা খ. ব্যাংকক
গ. গাজীপুর ঘ. ম্যানিলা

**৭. কোন সালে পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি হয়?**
ক. ১৯৫২ সালে খ. ১৯৫৪ সালে
গ. ১৯৫৮ সালে ঘ. ১৯৬২ সালে

**৮. অবিভক্ত বাংলার সর্বশেষ গভর্নর কে?**
ক. জন আর্থার হার্বার্ট খ. লর্ড ডানডাস
গ. স্যার ফ্রেডরিখ বারোস
ঘ. স্যার ফ্রেডরিখ চালমার্স বোর্ন

**৯. সুয়েজ খাল কোন দুটি মহাদেশকে বিভক্ত করেছে?**
ক. এশিয়া ও ইউরোপ খ. ইউরোপ ও আমেরিকা
গ. এশিয়া ও আফ্রিকা ঘ. আমেরিকা ও আফ্রিকা

**১০. বাংলাদেশের স্বাধীনতার ইশতেহার ঘোষণা করা হয়-**
ক. ১০ এপ্রিল, ১৯৭১ খ. ১৭ এপ্রিল, ১৯৭১
গ. ২ মার্চ, ১৯৭১ ঘ. ৩ মার্চ, ১৯৭১

**১১. কার্ল মার্কস কোন দেশে জন্মগ্রহণ করেন?**
ক. রাশিয়া খ. অস্ট্রিয়া
গ. জার্মানি ঘ. হাঙ্গেরি

**১২. ভাষা শহিদ আবুল বরকত ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের ছাত্র ছিলেন?**
ক. রাষ্ট্রবিজ্ঞান খ. সমাজবিজ্ঞান
গ. আইন ঘ. লোকপ্রশাসন

**১৩. প্রীতিলতা ওয়াদ্দেদার কার শিষ্য ছিলেন?**
ক. চিত্তরঞ্জন দাসের খ. নেতাজী সুভাস চন্দ্র বসুর
গ. মহাত্মা গান্ধীজির ঘ. মাস্টারদা সূর্যসেনের

**১৪. 'অ্যাডামস পিক' কোথায় অবস্থিত?**
ক. শ্রীলঙ্কা খ. সৌদি আরব
গ. ফিলিস্তিন ঘ. সিরিয়া

**১৫. পৃথিবীর শ্রেষ্ঠতম দেয়াল চিত্র হলো-**
ক. লাস্ট সাপার খ. গুয়োর্নিকা
গ. মোনালিসা ঘ. ম্যাডোনা ৪৩

**১৬. অ্যাঞ্জেল জলপ্রপাতটি কোন দেশে অবস্থিত?**
ক. গায়ানা খ. ব্রাজিল
গ. সুরিনাম ঘ. ভেনিজুয়েলা

**১৭. পাহাড়পুর কোন সভ্যতার নিদর্শন?**
ক. হিন্দু খ. বৌদ্ধ
গ. জৈন ঘ. খ্রিষ্টান

**১৮. চিরস্থায়ী বন্দোবস্তের আগে লর্ড কর্নওয়ালিস রাজস্ব আদায়ের ক্ষেত্রে কোন নীতি গ্রহণ করেন?**
ক. পাঁচশালা বন্দোবস্ত খ. দশশনা বন্দোবস্ত
গ. দ্বৈত শাসন ঘ. কোনটিই নয়

**১৯. আসিয়ান ---- অঞ্চলের একটি সংস্থা।**
ক. পূর্ব এশিয়া খ. দক্ষিণ-পূর্ব এশিয়া
গ. পশ্চিম এশিয়া ঘ. দক্ষিণ এশিয়া

**২০. 'ছোট সোনা মসজিদ' অবস্থিত -**
ক. নাটোর খ. চাঁপাইনবাবগঞ্জ
গ. নওগাঁ ঘ. ঢাকা

**২১. 'এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল' এর প্রতিষ্ঠাতা কে?**
ক. উইলিয়াম জোন্স খ. জন শোর
গ. ফোর্ট উইলিয়াম ঘ. চার্লস গ্র্যান্ট

**২২. 'ফ্লোরেন্স নাইটিঙ্গেল' নামটি কোন যুদ্ধের সাথে জড়িত?**
ক. ওয়াটার লু যুদ্ধ খ. আমেরিকার গৃহযুদ্ধ
গ. ক্রিমিয়ার যুদ্ধ ঘ. ফরাসি বিপ্লব

**২৩. গ্রিনল্যান্ড দ্বীপ কোথায় অবস্থিত?**
ক. ভারত মহাসাগরে খ. আটলান্টিক মহাসাগরে
গ. এন্টার্কটিকা মহাসাগরে ঘ. প্রশান্ত মহাসাগরে

**২৪. 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয় কবে?**
ক. ৩১ জানুয়ারি, ১৯৪৮
খ. ২ মার্চ, ১৯৪৮
গ. ৩০ জানুয়ারি, ১৯৫৬
ঘ. ৩১ জানুয়ারি, ১৯৫২

**২৫. 'লাইসিয়াম' শিক্ষাকেন্দ্রের প্রতিষ্ঠাতা-**
ক. সক্রেটিস খ. এরিস্টটল
গ. সফোক্লিস ঘ. প্লেটো

**২৬. জাপান ও রাশিয়ার মধ্যকার বিরোধপূর্ণ দ্বীপটির নাম?**
ক. কুড়িল দ্বীপপুঞ্জ খ. গ্রেট বেরিয়ার রিফ
গ. দিয়াগো গর্সিয়া ঘ. মার্শাল দ্বীপপুঞ্জ

**২৭. ১৭৮৭ সালের ভুমিকম্পের দ্বারা কোন নদীর গতিপথ পরিবর্তন হয়?**
ক. যমুনা খ. ব্রহ্মপুত্র
গ. পদ্মা ঘ. মেঘনা

**২৮. 'Cruel Birth of Bangladesh ' বইটির রচিয়তা কে?**
ক. অ্যান্থনি মাসকারেনহাস খ. আর্চার কে ব্লাড
গ. হাসান হাফিজুর ঘ. মুনতাসীর মামুন

## মডেল টেস্ট: ০৫ - উত্তর ও ব্যাখ্যা

১. **গ. ৫ই আগস্ট, ২০২৫**- রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউতে '৩৬ জুলাই উদ্যাপন' শীর্ষক এক অনুষ্ঠানে 'জুলাই ঘোষণাপত্র' পাঠ করেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস। ঘোষণাপত্রে মোট ২৮টি দফা রয়েছে।

২. **ক. ১৭ অক্টোবর, ২০২৫**- তারিখে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় 'জুলাই জাতীয় সনদ-২০২৫' আনুষ্ঠানিকভাবে স্বাক্ষরিত হয়েছে। এই সনদ বাস্তবায়নে মোট সাত দফা অঙ্গীকার করা হয়েছে।

৩. **খ. ২০০৩ সালে**- মরণোত্তর। স্বাধীনতা পদক বাংলাদেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরস্কার। মুক্তিযুদ্ধের বীর শহীদদের স্মরণে রাষ্ট্রীয় পর্যায়ে সর্বোচ্চ স্বীকৃতি স্বরূপ ১৯৭৭ সালে বাংলাদেশ সরকার এ পুরস্কার প্রবর্তন করে।

৪. **ক. পুঁজিবাদ**। ফরাসি বিপ্লবের(বুর্জোয়া বিপ্লব) ফলে ফ্রান্সে সামন্তবাদের অবসান ও পুঁজিবাদের যাত্রা শুরু হয়।

৫. **গ. বুড়িগঙ্গা**। পদ্মা- কীর্তিনাশা। যমুনা- জোনাই। ব্রহ্মপুত্র- লৌহিত্য। মেঘনা- বরাক।

৬. **ঘ. ম্যানিলা**। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট- জয়দেবপুর, গাজীপুর। নদী গবেষণা ইন্সটিটিউট- ফরিদপুর।

৭. **গ. ১৯৫৮ সালে**। প্রধানমন্ত্রী ফিরোজ খানের সংসদীয় সরকার ও সংবিধান বাতিল করে প্রেসিডেন্ট ইস্কান্দার মির্জা পাকিস্তানে ১৯৫৮ সালের ৭ই অক্টোবর সামরিক শাসন জারি করেন। ২৭শে অক্টোবর ইস্কান্দার মির্জাকে অপসারণ করে জেনারেল আইয়ুব খান প্রেসিডেন্ট হন।

৮. **গ. স্যার ফ্রেডরিখ বারোস**। ১৯০৫ সালে বঙ্গভঙ্গের পর পূর্ববঙ্গ ও আসাম প্রদেশের প্রথম লেফটেন্যান্ট গভর্নর হন- ব্যামফিল্ড ফুলার। ১৯১১ সালে বঙ্গভঙ্গ রদের পর অবিভক্ত বাংলার প্রথম গভর্নর হন লর্ড কারমাইকেল।

৯. **গ. এশিয়া ও আফ্রিকা**। মিশরের সিনাই উপদ্বীপের পশ্চিমে অবস্থিত সুয়েজ খাল একটি মনুষ্যনির্মিত কৃত্রিম জলপথ, যা ভূমধ্যসাগর ও লোহিত সাগরের মধ্যে সরাসরি নৌ-সংযোগ স্থাপন করে।

১০. **ঘ. ৩ মার্চ, ১৯৭১**। মার্চ, ১৯৭১- ইয়াহিয়া খানের অধিবেশন স্থগিত ঘোষণায় পূর্ব-পাকিস্তানে ব্যাপক বিক্ষোভ। ২ মার্চ, ১৯৭১- ঢাবি কলাভবনে স্বাধীন বাংলার মানচিত্রসংবলিত পতাকা উত্তোলন।

১১. **গ. জার্মানি**। জন্ম: ৫ মে ১৮১৮, ট্রায়ার, রাইন প্রদেশ, জার্মানি। পরিচিতি: সমাজতন্ত্র ও আধুনিক কমিউনিজমের জনক। মৃত্যু: ১৪ মার্চ ১৮৮৩, লন্ডন। উল্লেখযোগ্য রচনা: The Communist Manifesto, Das Kapital.

১২. **ক. রাষ্ট্রবিজ্ঞান**। ডাকনাম: আবাই। ভাষা শহীদ আবুল বরকত স্মৃতি জাদুঘর ও সংগ্রহশালা' অবস্থিত ঢাবিতে।

১৩. **ঘ. মাস্টারদা সূর্যসেনের**। প্রীতিলতা ওয়াদ্দেদার ১৯৩২ সালে সূর্য সেনের নেতৃত্বে পাহাড়তলী ইউরোপিয়ান ক্লাব আক্রমণে ১৫ সদস্যের দলকে নেতৃত্ব দেন। গ্রেফতার এড়াতে সায়ানাইড খেয়ে আত্মহত্যা (২৪ সেপ্টেম্বর, ১৯৩২) করেন।

১৪. **ক. শ্রীলঙ্কা**। এডামস পিক শ্রীলঙ্কার দক্ষিণ-পশ্চিম অংশে অবস্থিত একটি পর্বত। মুসলমানরা বিশ্বাস করে এটি হযরত আদম (আ.)-এর পদচিহ্ন।

১৫. **ক. লাস্ট সাপার**। লিওনার্দো দ্য ভিঞ্চির বিখ্যাত শিল্পকর্ম: Mona Lisa, The Vitruvian Man, Lady with an Ermine, The Virgin of the Rocks.

১৬. **ঘ. ভেনিজুয়েলা**। সর্বোচ্চ উচ্চতম জলপ্রপাত: অ্যাঞ্জেলস জলপ্রপাত (ভেনিজুয়েলা) এককভাবে পৃথিবীর সর্ববৃহৎ: ভিক্টোরিয়া জলপ্রপাত (আফ্রিকার জিম্বাবুয়ে এবং জাম্বিয়ার সীমান্তে) আয়তনে বড়: নায়াগ্রা জলপ্রপাত (যুক্তরাষ্ট্র-কানাডা)

১৭. **খ. বৌদ্ধ**। সোমপুর বৌদ্ধ বিহার নওগাঁর পাহাড়পুরে অবস্থিত। এটি ভারতবর্ষের বৃহত্তম বৌদ্ধ বিহার ও ১৯৮৫ সালে ইউনেস্কো ৩২২তম বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দিয়েছে।

১৮. **খ. দশশনা বন্দোবস্ত**। দশসালা বন্দোবস্ত: লর্ড কর্নওয়ালিশ ১৭৯০ সালে প্রবর্তন করেন এবং ১৭৯৩ সালের ২২ মার্চ এটিকে চিরস্থায়ী বন্দোবস্ত হিসেবে ঘোষণা করেন।

১৯. **খ. দক্ষিণ-পূর্ব এশিয়া**। বর্তমানে এর সদস্য দেশ ১১টি।সর্বশেষ সদস্য- তিমুর লিসতে (অক্টোবর, ২০২৫)।

২০. **খ. চাঁপাইনবাবগঞ্জ**। 'ছোট সোনা মসজিদ আলাউদ্দিন হোসেন শাহ এর রাজত্বকালের (১৪৯৪-১৫১৯) নির্মিত। নুসরাত শাহ ১৫২৬ খ্রিস্টাব্দে গৌড়ে- বারদুয়ারি(দরজা-১১টি) বা বড় সোনা মসজিদের নির্মাণ করেন।

২১. **ক. উইলিয়াম জোন্স**- কলকাতা। ১৯৫২ সালের ৩ জানুয়ারি এশিয়ার মানুষ ও প্রকৃতি বিষয়ে গবেষণার লক্ষ্যে বাংলাদেশে এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠিত হয়।

২২. **গ. ক্রিমিয়ার যুদ্ধ**। ক্রিমিয়া যুদ্ধ: ১৮৫৩-১৮৫৬। পক্ষদ্বয়: রাশিয়া vs তুরস্ক, ব্রিটেন ও ফ্রান্স।

২৩. **খ. আটলান্টিক মহাসাগরে**। গ্রিনল্যান্ড পৃথিবীর সবচেয়ে বড় দ্বীপ। এটি ডেনমার্কের অধীনে স্বায়ত্বশাসিত দ্বীপরাষ্ট্র।

২৪. **ক. ৩১ জানুয়ারি ১৯৫২**। সালে সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়, আহ্বায়ক কাজী গোলাম মাহবুব, সভাপতি মওলানা আবদুল হামিদ খান ভাসানী।

২৫. **খ. এরিস্টটল**। সক্রেটিসের ছাত্র- প্লেটো ও জেনোফেন। প্লেটোর ছাত্র- এরিস্টটল। প্লেটোর প্রতিষ্ঠান- একাডেমি। এরিস্টটলের প্রতিষ্ঠান- লাইসিয়াম।

২৬. **ক. কুরিল দ্বীপপুঞ্জ** (রাশিয়া ও জাপান), স্প্রাটলি দ্বীপপুঞ্জ (চীন, ভিয়েতনাম, ফিলিপাইন, মালয়েশিয়া, ব্রুনেই), আবু মুসা দ্বীপ (সংযুক্ত আরব আমিরাত ও ইরান)।

২৭. **খ. ব্রহ্মপুত্র** । উৎপত্তিস্থল- হিমালয়ের কৈলাশ শৃঙ্গের মানস সরোবর হ্রদ। ব্রহ্মপুত্রের শাখানদী- যমুনা।

২৮. **খ. আর্চার কে ব্লাড**। মেজর জেনারেল সুখওয়ান্ত সিং- 'দ্য লিবারেশন অব বাংলাদেশ'। অ্যালেন গিন্সবার্গ- 'সেপ্টেম্বর অন যশোর রোড'। মেজর আব্দুল জলিল- 'এ সার্চ ফর আইডেন্টিটি'।